

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০০২.২০-২৯৯;

তারিখ: ২৩/০৭/২০২০ খ্রি:

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ শাহ-জাহান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর কর্তৃক গত ১৯/০৭/২০২০ খ্রি: তারিখ উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া এর সাথে কচুয়া শহীদ স্মৃতি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে “সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে ৬ তলা একাডেমিক ভবনের নির্মাণ কাজে ঠিকাদার নির্মাণ কাজ ঠিকমত করছে না ও পাথরের গুনগত মান নিয়ে আপত্তি ইত্যাদি কারণে পরিদর্শকালে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ নূর আলম কে ঘুষি, চড়, থাপ্পর মারেন ও বাঁশ দিয়ে পিটিয়ে আহত করেন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করেন; এবং

যেহেতু চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর কর্তৃক সম্পাদিত এহেন কর্মকান্ড উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের মধ্যে হতাশা এবং ক্ষোভের সৃষ্টি করতে পারে যা সার্বিকভাবে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নে অচলাবস্থার সৃষ্টি ও জনস্বার্থ মারাত্মকভাবে বিঘ্নিত হওয়ার আশংকাসহ অন্যান্য উপজেলা পরিষদে বিরূপ প্রভাব ফেলতে পারে ; এবং

যেহেতু জনাব মোঃ শাহ-জাহান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর এর বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১] এর ১৩ ধারা অনুসারে কার্যক্রম শুরু করা হয়েছে; এবং

যেহেতু, তার এ পদে বহাল থেকে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা করা রাষ্ট্র বা পরিষদের স্বার্থের হানিকর ;

সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তার স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১] এর ১৩খ ধারা অনুসারে চাঁদপুর জেলার কচুয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ শাহ-জাহান কে কচুয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো ; এবং কচুয়া উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো ।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।


২৬/০৭/২০

মোহাম্মদ জাহিরুল ইসলাম
উপসচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, চাঁদপুর।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৯. উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর।
১০. প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
১১. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কচুয়া, চাঁদপুর।